# দেশের আকাশে দেখা গেছে রমজানের চাঁদ, কাল থেকে রোজা শুরু



সংগৃহীত ছবি

দেশের আকাশে পবিত্র রমজানের চাঁদ দেখা গেছে। তাই আগামীকাল, বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) থেকে রোজা শুরু হবে।

বুধবার সন্ধ্যায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে চাঁদ দেখা সংক্রান্ত বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদ। সংবাদ পর্যালোচনা শেষে রোজা শুরু করার সিদ্ধান্ত নেয়া হয় এবং চাঁদ দেখা কমিটির পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে এ তথ্য জানানো হয়।

এর ফলে আজ ধর্মপ্রাণ মুসল্লিরা এশার নামাজের সঙ্গে তারাবিহ নামাজ পড়বেন এবং ভোর রাতে সেহেরি খেয়ে রোজা শুরু করবেন। জাতীয় মসজিদে রাত ৮টায় অনুষ্ঠিত হবে তারাবিহ নামাজ।

উল্লেখযোগ্য, রমজান মাস মুসলমানদের জন্য পাপ মোচনের এক অপূর্ব সুযোগ। এই মাসে ইবাদত ও সহিষ্ণুতা বেড়ে যায়, আল্লাহ বান্দাদের ক্ষমা দান করেন এবং এক ফরজ আমলের পুরস্কার অন্য সময়ের ৭০টি ফরজের সমতুল্য হয়।

LENS ASIA